# রুবি জেনারেলে বিশ্বমানের বোন ম্যারো ট্রান্সপ্লান্ট ইউনিট

**আজকালের প্রতিবেদন**

ক্যান্সার চিকিৎসায় আরও একধাপ এগিয়ে গেল কলকাতার রুবি জেনারেল হাসপাতাল এবং ক্যান্সার সেন্টার। গত ৩২ বছর ধরে উন্নত মানের মাল্টিস্পেশ্যালিটি পরিষেবা দিয়ে আসা হাসপাতালে হেমাটো–অঙ্কোলজির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পরিষেবা চালু হয়। অত্যাধুনিক বিশ্বমানের স্টেম সেল ও সেলুলার থেরাপি ট্রান্সপ্লান্টেশন ইউনিট। যা সাধারণ ভাবে বোন ম্যারো ট্রান্সপ্লান্ট ইউনিট (বিএমটি) নামে পরিচিত। নতুন এই ইউনিটটির উদ্বোধন হয় ক্যান্সার সেন্টারের অধিকর্তা ডাঃ সৌরভ দত্ত, রুবি দত্ত এবং হাসপাতালের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান ডাঃ কমল কে দত্তের উপস্থিতিতে। এছাড়াও ছিলেন হাসপাতাল পরিচালনার চিফ জেনারেল ম্যানেজার শুভাশিস দত্ত, সৃজনী সাহু, সৌপ্তিক ভট্টাচার্য (রোগী), সার্জিক্যাল অঙ্কোলজিস্ট ডাঃ ঐন্দ্রিলা বিশ্বাস, চিকিৎসা পরিষেবা প্রধান ডাঃ জয়দীপ ভট্টাচার্য, হেমাটোলজিস্ট ডাঃ তুষ্টি গাঙ্গুলি, হাসপাতালের প্রথম বিএমটি রোগী মঙ্গল দাস প্রমুখ। আন্তর্জাতিক মানের এই নতুন ইউনিটটিতে শিশু ও প্রাপ্তবয়স্ক, উভয়ের জন্যই জটিল রক্তজনিত রোগ ও রক্তের ক্যান্সারের উন্নত চিকিৎসা পরিষেবা পাওয়া যাবে। নতুন এই ইউনিটে যে বৈশিষ্ট্যগুলি রয়েছে সেগুলি হল— ছ'টি বিশেষ আইসোলেশন রুম, উন্নত ব্যক্তিগত এইচভিএসি সিস্টেমের মাধ্যমে হেপা ফিল্ট্রেশন সুবিধে যা সংক্রমণের ঝুঁকি কমাতে সাহায্য করবে, স্পর্শবিহীন সম্পূর্ণ বায়ুরোধী স্বয়ংক্রিয় দরজা, সমস্ত শৌচাগারে টাচ–সেন্সর যুক্ত আধুনিক ব্যবস্থা, ইউনিটের মধ্যেই ডায়ালিসিস, উন্নত ক্রিটিক্যাল কেয়ার সাপোর্ট, স্টেম সেল সংরক্ষণের আধুনিক ব্যবস্থা–সহ আরও একাধিক সুবিধে। এই কেন্দ্রে অটোলগাস এবং অ্যালোজেনিক, উভয় ধরনের ট্রান্সপ্লান্ট করা হবে। উন্নত সেলুলার থেরাপি ইউনিটে কার–টি সেল থেরাপি এবং বিশেষ ধরনের স্টেম সেল চিকিৎসার সুবিধে থাকবে।

সিনিয়র হেমাটোলজিস্ট অধ্যাপক তুফানকান্তি দলুই বোন ম্যারো ট্রান্সপ্লান্ট নিয়ে প্রচলিত ভুল ধারণা ও গুরুত্বপূর্ণ তথ্যের বিষয়ে আলোচনা করেন।




ক্যান্সার চিকিৎসায় বিশ্বমানের বোন ম্যারো ট্রান্সপ্লান্ট ইউনিটের উদ্বোধনী অনুষ্ঠানে রুবি জেনারেল হাসপাতালের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান ডাঃ কমল কে দত্তের সঙ্গে রয়েছেন হাসপাতালের চিকিৎসক, অন্যান্য আধিকারিক এবং রোগীরা।




নিট প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে যুক্তদের কঠোর শাস্তির দাবি জানাল এআইডিওয়াইও। ওয়েলিংটন মোড় থেকে ধর্মতলা পর্যন্ত একটি বিক্ষোভ মিছিল হয়। ছিলেন রাজ্য সম্পাদক মলয় পাল ও রাজ্য সভাপতি অঞ্জন মুখার্জি। মিছিল শেষে ধর্মতলা মোড়ে প্রতিবাদ সভাও হয়। শনিবার। ছবি: আজকাল

## জেল হেফাজতেই গর্গ চট্টোপাধ্যায়

সোশ্যাল মিডিয়ায় ইভিএম নিয়ে আপত্তিকর প্রচারের অভিযোগে ধৃত বাংলা পক্ষের গর্গ চট্টোপাধ্যায়কে নিয়ে নতুন নির্দেশ দিল আদালত। শনিবার তাঁকে ময়দান থানার মামলায় পুলিশ হেফাজত থেকে ব্যাঙ্কশাল আদালতে তোলা হয়। এর আগে ব্যাঙ্কশাল আদালত তাঁকে পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছিল। এদিন আদালতে ময়দান থানার মামলায় গর্গ চট্টোপাধ্যায়ের পক্ষে জামিনের আবেদন জানান আইনজীবী শুভ বসু। আদালত তিন হাজার টাকার বন্ডে ওই মামলায় তাঁর অন্তর্বর্তিকালীন জামিন মঞ্জুর করেছে। তবে নির্বাচন কমিশনের দায়ের করা সাইবার মামলাটিতে আদালত তাঁকে ২২ মে পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দিয়েছে।

## গড়িয়াহাটের দোকানে চুরি, ধৃত মহিলা কর্মী

একটি নামী কয়েন বিক্রির দোকানে চুরির অভিযোগে এক মহিলা কর্মীকে গ্রেপ্তার করল গড়িয়াহাট থানার পুলিশ। ধৃতের নাম দীপালি চক্রবর্তী। পুলিশ জানিয়েছে, গড়িয়াহাট থানা এলাকার ওই দোকানে বিভিন্ন ধরনের মূল্যবান কয়েন বিক্রি হত। দীপালি সেখানেই কর্মরত ছিল।

# পিএমশ্রী প্রকল্পে এল রাজ্য, দিল্লিতে সমঝোতাপত্র স্বাক্ষর

**আজকালের প্রতিবেদন**

রাজ্যে এবার চালু হচ্ছে কেন্দ্রের 'পিএমশ্রী' প্রকল্প। এই প্রকল্প চালু নিয়ে দিল্লিতে কেন্দ্রীয় স্কুল শিক্ষা মন্ত্রকের সঙ্গে রাজ্যের স্কুলশিক্ষা দপ্তরের সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে। এর ফলে রাজ্যের বিভিন্ন জেলার বিভিন্ন ব্লকে ৩০০টির মতো মডেল স্কুল গড়ে তোলা হবে। কোন কোন স্কুলকে মডেল স্কুল করা হবে, তা বাছাই করবে দপ্তর। স্কুলগুলিতে স্মার্ট ক্লাসরুম, কম্পিউটার ল্যাব, বিজ্ঞানের ল্যাবরেটরি, খেলাধূলার বিভিন্ন সুবিধা, সরঞ্জাম ইত্যাদি থাকবে। জোর দেওয়া হবে ছাত্রছাত্রীদের সার্বিক বিকাশে। স্কুলের সার্বিক উন্নয়ন অর্থাৎ পরিকাঠামো ও শিক্ষাদানের পদ্ধতির আমূল পরিবর্তন করা হবে। স্কুলগুলিকে গড়ে তোলা হবে পরিবেশবান্ধব হিসেবে। সেখানে সৌরশক্তি এবং বৃষ্টির জল ধরে রাখার মতো উদ্যোগও থাকবে। পরিকাঠামো থেকে শিক্ষার পদ্ধতি— সর্বত্রই মডেল হিসেবে পরিচিত হবে স্কুলগুলি। আশপাশের স্কুলপড়ুয়াদেরও সার্বিক বিকাশে সাহায্য করবে এই মডেল স্কুলগুলি। এই প্রকল্পে মোট খরচের ৬০ শতাংশ দেবে কেন্দ্রীয় সরকার এবং ৪০ শতাংশ দেবে রাজ্য। ২০২২ সালে চালু হয় পিএমশ্রী বা প্রধানমন্ত্রী স্কুলস ফর রাইজিং ইন্ডিয়া প্রকল্পটি। এই প্রকল্পে ২০২৭–এর মধ্যে সারা দেশে ১৪ হাজার ৫০০টি মডেল স্কুল গড়ে তোলা হবে। অনেক রাজ্যেই চালু হয়েছে এই প্রকল্প। কিন্তু আগের সরকারের আমলে রাজ্যে এই প্রকল্প চালু করা হয়নি। রাজ্যের বক্তব্য ছিল প্রকল্পে যখন রাজ্যও টাকা খরচ করবে তখন প্রকল্পের নাম পিএমশ্রী কেন হবে। এই প্রকল্পে অন্তর্ভুক্ত না হওয়ায় সমগ্র শিক্ষা মিশনে রাজ্যের পাওয়া বকেয়া টাকাও আটকে যায়। কিন্তু নতুন সরকার দায়িত্ব নেওয়ার পরই প্রথম মন্ত্রিসভার বৈঠকে পিএমশ্রী, বিশ্বকর্মা, বেটি বাঁচাও, বেটি পড়াও–সহ একাধিক কেন্দ্রীয় প্রকল্পে রাজ্যের যুক্ত হওয়ার কথা ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তার পরই দিল্লিতে গিয়ে স্কুল শিক্ষা দপ্তরের আধিকারিকরা এ বিষয়ে সমঝোতাপত্রে স্বাক্ষর করেন এবং এই প্রকল্পে পশ্চিমবঙ্গের নাম যুক্ত হয়। দপ্তর সূত্রে খবর, দ্রুত এই প্রকল্পের কাজ শুরু হবে। ইতিমধ্যেই অবশ্য রাজ্যের ৪৬টি কেন্দ্রীয় এবং ১৪টি নবোদয় স্কুলকে পিএমশ্রী স্কুলে উন্নীত করা হয়েছে।

# ডিজিটাল বাংলার লক্ষ্যে উদ্যোগ

**আজকালের প্রতিবেদন**

রাজ্য চালু হল টেলিকমিউনিকেশন রুল ২০২৪ (রাইট অফ ওয়ে)। নতুন সরকার এই আইন চালু করার ফলে ডিজিটাল বাংলা গড়ার কাজ আরও সহজ হবে বলে অনেকে মনে করছেন। টেলিকমিউনিকেশন রুল চালু হতেই মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে অভিনন্দন জানিয়েছেন কেন্দ্রীয় টেলি–যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। সামাজিক মাধ্যমে তিনি লেখেন, 'একসঙ্গে মিলে ক্ষমতাশালী 'সোনার বাংলা' তৈরির প্রয়াস নিয়েছি। টেলিকমিউনিকেশন রুল ২০২৪ চালু করার জন্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে অসংখ্য ধন্যবাদ। ভারতনেট প্রতিষ্ঠা করার জন্য এই পদক্ষেপ অতি গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ।' কেন্দ্রীয় মন্ত্রীর মতে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ডাবল ইঞ্জিন সরকার বাংলার উন্নয়নে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।


পঞ্জাব নৈশনল বৈংক (ভারত সরকার কা উপক্রম) | pnb punjab national bank (Govt. Of India Undertaking)

এআরএমবি : পশ্চিম মেদিনীপুর
বার্জ টাউন, মেদিনীপুর,
পশ্চিমবঙ্গ–৭২১১০১,
ই–মেল আইডি : cs8294@pnb.bank.in
ফোন নম্বর: ৮৪৫১৮ ৮০৬৬৪

০৮.০৬.২০২৬ তারিখের ই–নিলাম

অ্যানেক্সার–'বি'

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা **গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল** নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

**সুরক্ষিত পরিসম্পদের বিবরণ**

| ক্রম নং | শাখার নাম<br>অ্যাকাউন্টের নাম<br>ঋণগ্রহীতা/ জামিনদারের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা | বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতাগণ] | ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>খ) বকেয়া অর্থাঙ্ক<br>গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ<br>ঘ) দখলের ধরন (প্রতীকী/ বাস্তবিক/ গঠনমূলক) | ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকায়)<br>খ) ইএমডি (লক্ষ টাকায়)<br>গ) বিড বাড়ানোর মূল্য (লক্ষ টাকায়) | ই–নিলামের তারিখ ও সময়<br>সম্পত্তির ওপর সুরক্ষিত ঋণদাতার জানা দায়ের বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১. | **এআরএমবি, পশ্চিম মেদিনীপুর (সল আইডি: ৮২৯৪০০) পূর্বের ব্রাঞ্চ অফিস: জামদা (সল আইডি: ২০৭৪২০)**<br>**শ্রী মনোজ মিশ্র** পিতা–রামপূজন মিশ্র<br>**শ্রী মনোজ মিশ্র,** পিতা– শ্রী রামপূজন মিশ্র গ্রাম– মুরানসোল, পোঃঅঃ– বেলপাহাড়ি, শিলদা, জেলা– ঝাড়গ্রাম, পিন–৭২১৫০১<br>**শ্রীমতী সোমারানি মিশ্র,** স্বামী– মনোজ মিশ্র গ্রাম– মুরানসোল, পোঃঅঃ– বেলপাহাড়ি, থানা : বেলপাহাড়ি, জেলা– ঝাড়গ্রাম, পিন–৭২১৫০১<br>**শ্রী দয়াশঙ্কর মিশ্র (জামিনদার)** পিতা– শ্রী রামপূজন মিশ্র গ্রাম– মুরানসোল, পোঃঅঃ– বেলপাহাড়ি, থানা : বেলপাহাড়ি, জেলা– ঝাড়গ্রাম, পিন–৭২১৫০১<br>**অ্যাকাউন্ট নং: ২০৭৪৩০০০০১২৮১ (ওডি)** | নিম্নোক্ত জমি ও বাড়ির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: প্লট নং– আর এস ১১৭, এল আর ২৬৮, জে এল নং ১৯০, আর এস খতিয়ান নং ১০১, এল আর খতিয়ান নং ৯৬৩, মৌজা– মুরানসোল, পোঃঅঃ ও থানা– বেলপাহাড়ি, জেলা– ঝাড়গ্রাম, ১০.১২.২০০৪ তারিখের বিক্রয় দলিল নং ১১৫৪/২০০৪ অনুসারে **সম্পত্তির স্বত্বাধিকারী শ্রী মনোজ মিশ্র,** পিতা– শ্রী রামপূজন মিশ্র, জমির পরিমাপ ১৪.০০ ডেসিমেল (৭.০০ ডেসিমেল বাস্তুতে রূপান্তরিত), এডিএসআর– শিলদা, জেলা– ঝাড়গ্রাম–এর অধিক্ষেত্রাধীন। | ক) ২৪.০৫.২০২১<br>খ) ₹২৪,৯৫,৭৭০.৯৬ (চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার সাতশো সত্তর টাকা এবং ছিয়ানব্বই পয়সা মাত্র), তৎসহ ০১.০৪.২০২১ থেকে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে উদ্ভূত সুদ ও পেনাল চার্জ<br>গ) ৩১.০৮.২০২১<br>ঘ) প্রতীকী দখলাধীন | ক) ₹২৬,৮৫,০০০.০০<br>খ) ₹২,৬৮,৫০০.০০<br>গ) ₹০.১০ লক্ষ | ০৮.০৬.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা<br>ব্যাঙ্কের জানা নেই |
| ২. | **এআরএমবি, পশ্চিম মেদিনীপুর (সল আইডি : ৮২৯৪০০) পূর্বের ব্রাঞ্চ অফিস: লালগড় (সল আইডি: ০৬৮৮২০)**<br>**শ্রী জিতেন পাত্র (ওরফে জিতেন্দ্র পাত্র)** পিতা– লক্ষ্মণ পাত্র<br>**শ্রী জিতেন পাত্র (ওরফে জিতেন্দ্র পাত্র)** পিতা– লক্ষ্মণ পাত্র গ্রাম ও পোঃঅঃ– সিজুয়া, থানা– লালগড়, জেলা– পশ্চিম মেদিনীপুর (বর্তমান জেলা ঝাড়গ্রাম), পিন–৭২১১২১<br>**শ্রীমতী বন্দনা রানি পাত্র,** স্বামী– শ্রী জিতেন পাত্র (ওরফে জিতেন্দ্র পাত্র) গ্রাম ও পোঃঅঃ– সিজুয়া, থানা– লালগড়, জেলা– পশ্চিম মেদিনীপুর (বর্তমান জেলা ঝাড়গ্রাম), পিন–৭২১১২১<br>**অ্যাকাউন্ট নং: ০৬৮৮২৫০০২২৫২৫, ০৬৮৮২৫০০৩২৮০৫, এবং ০৬৮৮৩০৫৬১২১৮৩** | জমি ও এর উপরিস্থিত বাড়ির সমবন্ধক যার অবস্থান: জে এল নং ৫৭২, খতিয়ান নং– আর এস ২২৮/২, মৌজা– সিজুয়া, থানা– লালগড়, জমির পরিমাপ– ৩ ডেসিমেল, এডিএসআর– মেদিনীপুরে রেজিস্টার্ড ৩১.০৫.২০১৬ তারিখের দলিল নং ১৮৪৯/২০১৬ অনুযায়ী সম্পত্তির **স্বত্বাধিকারী শ্রী জিতেন পাত্র (ওরফে শ্রী জিতেন্দর পাত্র),** পিতা– লক্ষ্মণ পাত্র। **প্লট নং ২০৪, জমির পরিমাপ–২ ডেসিমেল, সম্পত্তিটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত:** উত্তর– তপন দুবে; দক্ষিণ– দাগ নং ২০৫; পূর্ব– ৮ ফুট রাস্তা; পশ্চিম– রাখহরি দাস। **প্লট নং ২০৫, জমির পরিমাপ: ১ ডেসিমেল,** দক্ষিণ– সুলেখা পাত্র; পূর্ব: ৮ ফুট রাস্তা; পশ্চিম– রাখহরি দাস। | ক) ২৯.০৫.২০২১<br>খ) ₹২৪,৬০,৯৩৪.৩০ (চব্বিশ লক্ষ ষাট হাজার নশো চৌঁত্রিশ টাকা এবং তিরিশ পয়সা মাত্র) + আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে সুদ ও পেনাল চার্জ<br>গ) ১১.০৮.২০২১<br>ঘ) প্রতীকী দখলের অধীন | ক) ₹২৪,০১,০০০.০০<br>খ) ₹২,৪১,০০০.০০<br>গ) ₹০.১০ লক্ষ | ০৮.০৬.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা<br>ব্যাঙ্কের জানা নেই |
| ৩. | **এআরএমবি, পশ্চিম মেদিনীপুর (সল আইডি : ৮২৯৪০০) পূর্বের ব্রাঞ্চ অফিস: ঘাটাল (সল আইডি: ৭৬৭২০০)**<br>**দেবাশিস পাখিরা**<br>**মানসী পাখিরা (ঋণগ্রহীতা)** স্বামী– শ্রী দেবাশিস পাখিরা গ্রাম– গোপালপুর, পোঃঅঃ– ডিহিরামনগর, থানা– দাসপুর, জেলা : পশ্চিম মেদিনীপুর, ঘাটাল, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১২১২<br>**অ্যাকাউন্ট নং: ৭৬৭২০০এনসি০০০০০৪৭০** | উপরিস্থিত বাড়ি সমেত ০৪ ডেসিমেল জমির সমবন্ধক যার অবস্থান: মৌজা– গোপালপুর, জে এল নং ১৯৯, এল আর খতিয়ান নং ২৩৭৯, প্লট নং ৩৮৫, থানা– দাসপুর, জেলা– পশ্চিম মেদিনীপুর, **সম্পত্তির স্বত্বাধিকারী দেবাশিস পাখিরা,** পিতা– মদন পাখিরা, গ্রাম– গোপালপুর, পোঃঅঃ– ডিহিরামনগর, থানা– দাসপুর, পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১২১২, এডিএসআর– দাসপুরে রেজিস্টার্ড ২০১৯ সালের দলিল নং I–৯৮৯। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– পঞ্চায়েতি রাস্তা; দক্ষিণ– স্বপন পাখিরার বাড়ি; পূর্ব– মদন পাখিরার প্লট; পশ্চিম– মহেশ পাখিরার বাড়ি। | ক) ২৬.০৪.২০২৩<br>খ) ₹২৫,৯৩,৩৪৪.৫৭ (পঁচিশ লক্ষ তিরানব্বই হাজার তিনশো চুয়াল্লিশ টাকা এবং সাতান্ন পয়সা মাত্র) + আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে ৩১.১২.২০২২ থেকে সুদ ও অন্যান্য পেনাল চার্জ<br>গ) ০৭.০৫.২০২৪<br>ঘ) প্রতীকী দখলের অধীন | ক) ₹২১,৫০,০০০.০০<br>খ) ₹২,১৫,০০০.০০<br>গ) ₹০.১০ লক্ষ | ০৮.০৬.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা<br>ব্যাঙ্কের জানা নেই |
| ৪. | **এআরএমবি, পশ্চিম মেদিনীপুর (সল আইডি : ৮২৯৪০০) পূর্বের ব্রাঞ্চ অফিস : মেদিনীপুর (সল আইডি: ০১৮০২০)**<br>**মিঃ ধীতোষ মাইতি,** পিতা– সন্তোষ কুমার মাইতি<br>**মিঃ ধীতোষ মাইতি,** পিতা– সন্তোষ কুমার মাইতি গ্রাম– নয়াগ্রাম, পোঃঅঃ– নয়াগ্রাম, বেনাশুলি, জেলা– পশ্চিম মেদিনীপুর<br>**জামিনদারগণ:**<br>**রীতা মাইতি,** স্বামী– ধীতোষ মাইতি, গ্রাম– নয়াগ্রাম, পোঃঅঃ– নয়াগ্রাম, বেনাশুলি, জেলা– পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১১০২<br>**বিবেকানন্দ অধিকারী,** পিতা– সত্যেশ্বর অধিকারী গ্রাম– পানিডিহি, পোঃঅঃ– মণিদহ, জেলা– পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১১০২<br>**বিমল কুমার দোলই,** পিতা– নন্দদুলাল দোলই, গ্রাম– এনায়েতপুর, পোঃঅঃ– মণিদহ, জেলা– পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১১০২<br>**সন্তোষ কুমার মাইতি,** পিতা– রাজেন্দ্র নাথ মাইতি গ্রাম– নয়াগ্রাম, পোঃঅঃ– নয়াগ্রাম, বেনাশুলি, জেলা– পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১১০২<br>**অ্যাকাউন্ট নং: ০১৮০২৫০১৬৩০৬৪, ০১৮০৩০০১০৯৪৭৫ এবং ০১৮০৩০০১০৮৫৯১** | নিম্নোক্ত জমি ও বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: জেলা– পশ্চিম মেদিনীপুর, থানা– মেদিনীপুর, মৌজা– নয়াগ্রাম, জে এল নং ১২৫, আর এস খতিয়ান নং ৩৯, আর এস প্লট নং ৪৯৬, এল আর খতিয়ান নং ৬২৭, এল আর প্লট নং ৫৩৫, জমির পরিমাপ ৩৭ ডেসিমেল, ১৯৭৬ সালের দলিল নং ৬৩৬৪ অনুযায়ী সম্পত্তির **স্বত্বাধিকারী শ্রী সন্তোষ কুমার মাইতি। সম্পত্তিটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত:** উত্তর– পঞ্চায়েতি রাস্তা; দক্ষিণ– রবীন্দ্রনাথ চন্দের বাড়ি; পূর্ব– শ্রী দামোদর মাইতির ফাঁকা জমি; পশ্চিম– শ্রী রবীন্দ্রনাথ দে'র বাড়ি। | ক) ০৭.০৪.২০১৬<br>খ) ₹৫৬,৬৩,৫৭৭.৬৬ (ছাপান্ন লক্ষ তেষট্টি হাজার পাঁচশো সাতাত্তর টাকা এবং ছেষট্টি পয়সা মাত্র) + আদায়ীকৃত অর্থাঙ্ক (যদি থাকে) বাদে সুদ, পেনাল চার্জ<br>গ) ১২.০৭.২০১৬<br>ঘ) প্রতীকী দখলাধীন | ক) ₹৭,৫০,০০০.০০<br>খ) ₹৭৫,০০০.০০<br>গ) ₹০.০৫ লক্ষ | ০৮.০৬.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা<br>ব্যাঙ্কের জানা নেই |
| ৫. | **এআরএমবি পশ্চিম মেদিনীপুর (সল আইডি : ৮২৯৪০০) পূর্বের ব্রাঞ্চ অফিস : ঝাড়গ্রাম (সল আইডি: ০১৮৩২০)**<br>**মেসার্স লালবাবাজি ব্রিকস ইন্ডাস্ট্রিজ প্রোপ্রাইটর: শ্রী রতন চন্দ্র জানা (ঋণগ্রহীতা)**<br>**মেসার্স লালবাবাজি ব্রিকস ইন্ডাস্ট্রিজ প্রোপ্রাইটর: শ্রী রতন চন্দ্র জানা** পিতা নরেন্দ্র নাথ জানা, বি ২৭, হেমনগর, কেরানিতলা, পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১১০১<br>**অ্যাকাউন্ট নং: ০১৮৩৩০৬৮২৩২৩৬ (টিএল), ০১৮৩২১০০৩২৪৭০ (ওডি), ০১৮৩৩০৬৮২৩০৮৭ (টিএল)** | উপরিস্থিত বাড়ি সমেত 'বাস্তু' জমি বিশিষ্ট সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: মৌজা– মাদিপুর, প্লট নং ৫৮৩ ও ৫৮৪, আর এস খতিয়ান নং ৮৭১ ও ৪৪২/১, জে এল নং ৬১৪, গ্রাম– রাউতারাপুর, পোঃঅঃ– খালশিউলি, থানা– ঝাড়গ্রাম, জেলা– ঝাড়গ্রাম, পিন– ৭২১৫১৩, জমির পরিমাপ ৬ ডেসিমেল, ২৭.০১.১৯৮৮ তারিখের দান দলিল নং ৩১৬/১৯৮৮ এবং ১৪.০৭.২০০৮ তারিখের দান দলিল নং ৯৭৬/২০০৮ অনুযায়ী **সম্পত্তির মালিকানা শ্রী রতন চন্দ্র জানা,** পিতা– নরেন্দ্রনাথ জানা–এর নামে রেজিস্টার্ড। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– আরতি জানার জমি; দক্ষিণ– পিচের তৈরি ১৫ ফুট চওড়া রাস্তা; পূর্ব– বিজলি জানার সম্পত্তি; পশ্চিম– হিমাংশু জানার সম্পত্তি। | ক) ২০.১২.২০২১<br>খ) ₹৩২,২৪,৭৮০.০৬ (বত্রিশ লক্ষ চব্বিশ হাজার সাতশো আশি টাকা এবং ছয় পয়সা মাত্র) + আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে ০১.১২.২০২১ থেকে সুদ ও পেনাল চার্জ<br>গ) প্রতীকী দখলের তারিখ ১০.০৫.২০২২ এবং বাস্তবিক দখলের তারিখ ১১.১০.২০২৩<br>ঘ) বাস্তবিক দখলাধীন | ক) ₹২৮,৩৬,০০০.০০<br>খ) ₹২,৮৩,৬০০.০০<br>গ) ₹০.১০ লক্ষ | ০৮.০৬.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা<br>ব্যাঙ্কের জানা নেই |
| ৬. | **এআরএমবি পশ্চিম মেদিনীপুর (সল আইডি : ৮২৯৪০০) পূর্বের ব্রাঞ্চ অফিস : দাসপুর (সল আইডি: ০১৮৮২০) এবং ব্রাঞ্চ অফিস: ঘাটাল (সল আইডি–৭৬৭২০০)**<br>**মিঃ নবীন চন্দ্র পাত্র (ঋণগ্রহীতা) এবং মিসেস গৌতমী পাত্র (ঋণগ্রহীতা)**<br>**মিঃ নবীন চন্দ্র পাত্র (ঋণগ্রহীতা)** পিতা বিজয় পাত্র, গ্রাম–লাউদা, পোঃ–দাসপুর, থানা–দাসপুর, জেলা–পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১২১১, পশ্চিমবঙ্গ<br>**মিসেস গৌতমী পাত্র (ঋণগ্রহীতা)** স্বামী নবীন চন্দ্র পাত্র, গ্রাম–লাউদা, পোঃ–দাসপুর, থানা–দাসপুর, জেলা–পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১২১১, পশ্চিমবঙ্গ<br>**অ্যাকাউন্ট নং: ০১৮৮৩০৬৮০৮৪২২ এবং ৭৬৭২০০এনসি০০০০০০৭৬** | **নবীন চন্দ্র পাত্র, পিতা বিজয় পাত্র এবং শ্রীমতী গৌতমী পাত্র, স্বামী নবীন চন্দ্র পাত্রর নামে** জমি ও বাড়ির সমবন্ধক, যার অবস্থান: প্লট নং আর এস–১৮২২, এল আর ১৩৫৮/২৩৭৫, খতিয়ান নং ৪৩৫৩, ৪৩৫৪, জে এল নং ১৪৫, মৌজা–কুশপাতা–গোবিন্দনগর, হোল্ডিং নং ৩৪২/২৩, ঘাটাল পুরসভার ওয়ার্ড নং ১৭, জমির মাপ ৩.৩৩ ডেসিমেল। | ক) ০৬.০১.২০১৮<br>খ) ₹২১,৮৮,৯৯৫.০০ (একুশ লক্ষ অষ্টাশি হাজার নশো পঁচানব্বই টাকা মাত্র) + আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে সুদ ও জরিমানা চার্জ<br>গ) ০৫.০৪.২০১৮<br>ঘ) প্রতীকী দখলাধীন | ক) ₹৪৮,১০,০০০.০০<br>খ) ₹৪,৮১,০০০.০০<br>গ) ₹০.১০ লক্ষ | ০৮.০৬.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা<br>ব্যাঙ্কের জানা নেই |
| ৭. | **এআরএমবি, পশ্চিম মেদিনীপুর (সল আইডি : ৮২৯৪০০) পূর্বের ব্রাঞ্চ অফিস: জামদা (সল আইডি: ২০৭৪২০)**<br>**শ্রী পলাশ দে** পিতা– শ্রী সুবোধ দে<br>**শ্রী পলাশ দে,** পিতা– শ্রী সুবোধ দে গ্রাম দাইনমারি, পোঃঅঃ– আঁধারিয়া, থানা– বিনপুর–১, জেলা– ঝাড়গ্রাম, পিন–৭২১৫০৫, পশ্চিমবঙ্গ<br>**শ্রীমতী তনুশ্রী দে,** স্বামী– শ্রী পলাশ দে গ্রাম ও পোঃঅঃ– আঁধারিয়া, থানা– বিনপুর–১, জেলা– ঝাড়গ্রাম, পিন–৭২১৫০৫, পশ্চিমবঙ্গ<br>**জামিনদার: মিঃ পীযূষ দে,** পিতা– শ্রী সুবোধ দে গ্রাম ও পোঃঅঃ– আঁধারিয়া, থানা– বিনপুর–১, জেলা– ঝাড়গ্রাম, পিন–৭২১৫০৫, পশ্চিমবঙ্গ<br>**অ্যাকাউন্ট নং: ২০৭৪২৫০০০০৪২৬, ২০৭৪৩০০০০২৪২৪, ২০৭৪২০ইজি০০০০০১১১ এবং ২০৭৪২০এনসি০০০০০১৪৫** | উপরিস্থিত বাড়ি সমেত নিম্নোক্ত জমির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: জেলা– ঝাড়গ্রাম, থানা– বিনপুর, মৌজা– পূর্ব হারদা, জে এল নং ৯৪৫, হাল খতিয়ান নং ৪২৩, ৮১ (এল আর খতিয়ান নং ৭১৫, ৭১৬), প্লট নং ৩৫৯, জমির পরিমাপ ১৭ ডেসিমেল, ১৭.০৯.২০১৯ তারিখের রেজিস্টার্ড দানদলিল নং ১১০০/১৯ অনুযায়ী **সম্পত্তির মালিকানা পলাশ দে ও পীযূষ দে–এর নামে। চৌহদ্দি:** উত্তর– প্লট নং ৩৬০; দক্ষিণ– রাস্তা; পূর্ব– অশ্বিনী প্রতিহার; পশ্চিম– নন্দ ভট্টাচার্য। | ক) ০৪.০৫.২০২৪<br>খ) ₹২০,৪৬,২৫৩.৯১ (কুড়ি লক্ষ ছেচল্লিশ হাজার দুশো তিপান্ন টাকা এবং একানব্বই পয়সা মাত্র) + আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে সুদ ও পেনাল চার্জ<br>গ) ১০.০৭.২০২৪<br>ঘ) প্রতীকী দখলাধীন | ক) ₹৩২,৯৩,০০০.০০<br>খ) ₹৩,৩০,০০০.০০<br>গ) ₹০.২০ লক্ষ | ০৮.০৬.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা<br>ব্যাঙ্কের জানা নেই |
| ৮. | **এআরএমবি, পশ্চিম মেদিনীপুর (সল আইডি : ৮২৯৪০০) পূর্বের ব্রাঞ্চ অফিস: ঝাড়গ্রাম (সল আইডি: ০১৮৩২০)**<br>**শ্রী শান্তাপ্পা সন্দিমণি** পিতা– প্রয়াত শঙ্করাপ্পা সন্দিমণি<br>**শ্রী শান্তাপ্পা সন্দিমণি** পিতা– প্রয়াত শঙ্করাপ্পা সন্দিমণি ভালুকখুলিয়া, ওয়ার্ড নং ৫, শক্তি সঙ্ঘ ক্লাবের কাছে, জেলা– ঝাড়গ্রাম, পশ্চিমবঙ্গ–৭২১৫০৭<br>**শ্রীমতী মৌমিতা দে,** স্বামী– শ্রী শান্তাপ্পা সন্দিমণি ভালুকখুলিয়া, ওয়ার্ড নং ৫, শক্তি সঙ্ঘ ক্লাবের কাছে, জেলা– ঝাড়গ্রাম, পশ্চিমবঙ্গ–৭২১৫০৭<br>**শ্রী শান্তাপ্পা সন্দিমণি** পিতা– প্রয়াত শঙ্করাপ্পা সন্দিমণি গ্রাম ও পোঃ–তিলাগুল, থানা : কলাকেরি, জেলা : বীজাপুর, কর্নাটক, পিন–৫৮৬১১৮<br>**অ্যাকাউন্ট নং: ০১৮৩৩০৬৮২২১৩০** | নিম্নোক্ত জমি ও বাড়ির সমবন্ধক যার অবস্থান: প্লট নং ৭৪/৩৬৮, জে এল নং ৩৬৬, এল আর খতিয়ান নং ৬৩৩, আর এস খতিয়ান নং ৭৪/৩৬৮, মৌজা– ভালুকখুলিয়া, থানা– ঝাড়গ্রাম, জেলা– জাড়গ্রাম, ওয়ার্ড নং ৫, এডিএসআর– ঝাড়গ্রামে রেজিস্টার্ড ৩১.০১.২০১৯ তারিখের বিক্রয় দলিল নং I–২১৭/২০১৯ অনুযায়ী, বাস্তু জমির পরিমাপ– ৬ ডেসিমেল, সম্পত্তির **স্বত্বাধিকারী শ্রী শান্তাপ্পা সন্দিমণি এবং শ্রীমতী মৌমিতা দে। চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– অরুণ কুণ্ডুর প্লট; দক্ষিণ– ১৫ ফুট চওড়া রাস্তা; পূর্ব– অরুণ কুণ্ডুর প্লট; পশ্চিম– ৩৬৯ নং দাগের জমি। | ক) ০৯.০১.২০২৪<br>খ) ₹২১,০৩,২৯৮.৬৬ (একুশ লক্ষ তিন হাজার দুশো আটানব্বই টাকা এবং ছেষট্টি পয়সা মাত্র) + আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে সুদ ও পেনাল চার্জ<br>গ) ২৪.০৪.২০২৪<br>ঘ) প্রতীকী দখলাধীন | ক) ₹২২,২৭,০০০.০০<br>খ) ₹২,২৩,০০০.০০<br>গ) ₹০.১০ লক্ষ | ০৮.০৬.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা<br>ব্যাঙ্কের জানা নেই |

**–: ই–নিলাম বিক্রির শর্ত ও নিয়মাবলি :–**

এই বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত অতিরিক্ত শর্তসাপেক্ষে আয়োজিত হবে:

১. এই বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত অতিরিক্ত শর্তসাপেক্ষে আয়োজিত হবে। এই নিলাম **'অনলাইন ই–নিলাম'** পদ্ধতিতে **https://baanknet.com** পোর্টালের মাধ্যমে আয়োজিত হবে।
২. আগ্রহী বিডারগণ/ক্রেতাদের অনুরোধ করা হচ্ছে যাতে তাঁরা নিজেদের মোবাইল নম্বর এবং ই–মেল আইডি ব্যবহার করে **https://baanknet.com** পোর্টালে রেজিস্টার করেন। ই–কেওয়াইসির কাজটি ডিজিলকারের মাধ্যমে করতে হবে। ই–কেওয়াইসি হয়ে গেলে আগ্রহী বিডার/ক্রেতারা প্রয়োজনীয় ইএমডি অর্থাঙ্ক চালান মোডের জন্য অনলাইন পেমেন্ট কাজে লাগিয়ে তাঁদের ই–ওয়ালেটে স্থানান্তর করে দেবেন। ইএমডি জমার শেষ তারিখ ও সময়ের আগেই ওই পোর্টালে সম্পত্তির সঙ্গে ইএমডি অর্থাঙ্ক যুক্ত হতে হবে। ইএমডি জমা শেষের তারিখ ও সময়/ নিলামের আগে যথেষ্ট সময় হাতে থাকতেই রেজিস্ট্রেশন, ই–কেওয়াইসি যাচাই, ওয়ালেটে ইএমডি স্থানান্তর ইত্যাদি কার্যাবলি সম্পন্ন করে রাখতে হবে।
৩. ওপরে উল্লিখিত বায়না জমা (ইএমডি) অর্থাঙ্ক ই–ওয়ালেটে জমা দেওয়ার পরে তা সম্পত্তির সঙ্গে অবশ্যই যুক্ত করতে হবে। ইএমডি জমার শেষ তারিখ ও সময়ের আগে যে বিডার অনলাইনে প্রয়োজনীয় ইএমডি যুক্ত করবেন না, তাঁকে ই–নিলামে অংশ নিতে দেওয়া হবে না। বায়না জমার ওপর কোনও সুদ দেওয়া হবে না।
৪. ই–নিলামের প্ল্যাটফর্ম **(https://baanknet.com)** দেবে ই–অকশন সার্ভিস প্রোভাইডার **মেসার্স পিএসবি অ্যালায়েন্স,** রেজিস্টার্ড অফিসের ঠিকানা: ইউনিট ১, থার্ড ফ্লোর, ভিআইওএস কমার্শিয়াল টাওয়ার, ওয়াডালা ট্রাক টার্মিনালের কাছে, ওয়াডালা ইস্ট, মুম্বই–৪০০০৩৭ **(যোগাযোগের ফোন নম্বর ও টোল ফ্রি নম্বর: +৯১–৮২৯১২২০২২০, ই–মেল আইডি: support.BAANKNET@psballiance.com)**। ই–অকশন সার্ভিস প্রোভাইডারের **https://baanknet.com** ওয়েবসাইটের মাধ্যমে আগ্রহী বিডারগণ/ক্রেতাগণ ই–নিলাম প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন। ই–নিলামের প্রশিক্ষণ/প্রদর্শন এই পোর্টালেই এই সার্ভিস প্রোভাইডার দেবে।
৫. বিক্রির সাধারণ শর্ত ও নিয়মাবলি সংবলিত বিক্রয় বিজ্ঞপ্তি নিম্নলিখিত ওয়েবসাইট/ওয়েব পেজ পোর্টালে দেওয়া আছে: **(১) https://baanknet.com; (২) www.pnbindia.in**।
৬. ই–নিলামে অংশ নিতে আগ্রহীরা বিক্রয় বিজ্ঞপ্তির কপি, ই–নিলামের শর্ত ও নিয়মাবলি, এই ই–নিলামের অপারেশনাল পার্টের হেল্প ম্যানুয়াল ইত্যাদি নথিগুলি **https://baanknet.com** পোর্টাল থেকে বিনামূল্যে ডাউনলোড করে নিতে পারেন।
৭. বিডিংয়ের সময় বিডারের গ্লোবাল ওয়ালেটে যথেষ্ট ব্যালান্স (ইএমডি অর্থাঙ্কের সমান বা বেশি) থাকতেই হবে।
৮. ই–নিলামের সময় বিডাররা আপসমূলক বিডিংয়ে ওপরে সংশ্লিষ্ট ক্রমের পাশে উল্লিখিত সর্বশেষ বিড অর্থাঙ্ক অপেক্ষা বেশি মূল্যের বিড দিতে অনুমতি পাবেন এবং সর্বশেষ সর্বাধিক বিডারের পেশ করা দরের ওপর উপরিলিখিত বিড বিবর্ধন অর্থাঙ্কের গুণিতকে পরবর্তী উচ্চতর বিড পেশ করতে হবে। পরবর্তী উচ্চতর বিড দাখিলের জন্য দশ মিনিট সময় বরাদ্দ হবে এবং সর্বাধিক বিড জমা পড়ার পরবর্তী দশ মিনিটের মধ্যে আর কোনও উচ্চতর বিড জমা না পড়লে ই–নিলাম বন্ধ হয়ে যাবে।
৯. এই বিক্রয় বিজ্ঞপ্তি, ই–নিলামের শর্ত ও নিয়মাবলি, ই–নিলামের অপারেশনাল পার্ট ভাল করে পড়ে নেওয়ার দায়িত্ব আগ্রহী বিডার(গণ)–এর এবং তাঁদের এগুলি কঠোরভাবে মেনে চলতে বলা হচ্ছে।
১০. ই–নিলাম চলাকালীন কোনও সহায়তার দরকার হলে কিংবা কোনও সমস্যায় পড়লে আমাদের ই–অকশন সার্ভিস প্রোভাইডার **মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ**–এর অনুমোদিত প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করা যেতে পারে, যার বিশদ তথ্যাবলি BAANKNET পোর্টালে **(https://baanknet.com)** দেওয়া আছে।
১১. অনুমোদিত আধিকারিক দ্বারা ই–নিলাম চূড়ান্ত হওয়ার পর কেবলমাত্র সফল বিডারকে উপরিলিখিত আমাদের ই–অকশন সার্ভিস প্রোভাইডার দ্বারা এসএমএস/ই–মেলের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে (সার্ভিস প্রোভাইডারের কাছে সংশ্লিষ্ট বিডারের তরফে দেওয়া রেজিস্টার্ড মোবাইল নম্বর/ই–মেল ঠিকানায়)।
১২. নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে না।
১৩. সফল বিডারকে ইতিমধ্যে জমাকৃত ইএমডি অর্থাঙ্ক সমন্বয় করে বিড অর্থাঙ্কের ২৫% (পঁচিশ শতাংশ) একই দিনে অথবা পরবর্তী কাজের দিনের মধ্যে এবং বাকি অর্থাঙ্ক নিলামের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে **'The Authorised Officer, Punjab National Bank**, A/c (অ্যাকাউন্টের নাম)'–এর অনুকূলে কোনও তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে .......–তে প্রদেয় (স্থানের নাম লিখতে হবে) ব্যাঙ্কারস চেক/ ডিমান্ড ড্রাফটরূপে জমা দিতে হবে। ওপরে নির্ধারিত মেয়াদের মধ্যে এই অর্থাঙ্ক জমা দিতে ব্যর্থ হলে, সফল বিডার দ্বারা জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক এই ব্যাঙ্ক বাজেয়াপ্ত করবে এবং এই সম্পত্তি পুনরায় নিলাম/বিক্রি করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে এবং এমন ক্ষেত্রে খেলাপকারী ক্রেতা ওই সম্পত্তি কিংবা সম্পত্তির বিক্রয়মূল্যের ওপর কোনও দাবি জানাতে পারবেন না।
১৪. সফল বিডার দ্বারা এই ব্যাঙ্ককে প্রদেয় বিক্রয়মূল্য ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১–এর ১৯৪–১এ ধারাধীনে টিডিএস সাপেক্ষ হবে এবং বিড অর্থাঙ্কের বাকি ৭৫% বা পুরো জমারাশি আদায় দেওয়ার সময় সফল ক্রেতাকে টিডিএস বাবদ অর্থাঙ্ক জমা দিতে হবে।
১৫. অনুমোদিত আধিকারিক সর্বাধিক বিড এবং/বা যে কোনও বিড গ্রহণে বাধ্য নন এবং কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত বিড বাতিল করা, এমনকি এই বিক্রির শর্তাবলি বদলানো, সংশোধন, বাতিল করার অধিকার সম্পূর্ণত বহাল রাখেন।
১৬. পুরো অর্থাঙ্ক বুঝে পাওয়ার পর উক্ত অ্যাক্টের সংস্থান অনুযায়ী সফল বিডারের অনুকূলে বিক্রয় সার্টিফিকেট ইস্যু করা হবে।
১৭. **'যেখানে যেমন আছে', 'যেভাবে আছে', 'যা কিছু আছে'** ভিত্তিতে সম্পত্তিগুলি বিক্রি হবে।
১৮. ওপরের তফসিলে বর্ণিত সম্পত্তির বিবরণ অনুমোদিত আধিকারিক/ এই ব্যাঙ্কের সর্বশেষ জ্ঞান ও তথ্যানুসারের ভিত্তিতে উল্লিখিত। ঘোষণাপত্রে কোনও ভুল, অনুল্লেখ বা ত্রুটির জন্য অনুমোদিত আধিকারিক/ এই ব্যাঙ্ক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবে না।
১৯. নিজেদের বিড জমা দেওয়ার আগে নিলামে তোলা পরিসম্পদ ও তার স্পেসিফিকেশন খতিয়ে দেখে নিঃসন্দেহ হয়ে নেওয়ার দায়িত্ব বিডারদের ওপরই বর্তাবে। প্রদত্ত তথ্যাবলি অনুযায়ী সম্পত্তি পরিদর্শনের জন্য বিডাররা ডিলিং অফিশিয়ালের সঙ্গে যোগাযোগ করতে পারেন।
২০. রেজিস্ট্রেশন চার্জ, স্ট্যাম্প ডিউটি, কর ইত্যাদি সমেত যাবতীয় বিধিবদ্ধ বকেয়া/ অ্যাটেন্ড্যান্ট চার্জ/ অন্যান্য বকেয়া ক্রেতাকেই বহন করতে হবে।
২১. সরকার বা অন্য কোনও পক্ষের কাছে নিলাম হতে চলা সম্পত্তির ওপর ব্যাঙ্ক অবগত নয় এমন যে কোনও প্রকারের চার্জ, লিয়েন, দায় বা অন্য কোনও বকেয়ার জন্য অনুমোদিত আধিকারিক বা এই ব্যাঙ্ক দায়ী থাকবে না। সম্পত্তি সংক্রান্ত বিধিবদ্ধ দায়, বকেয়া সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি সম্পর্কে স্বাধীনভাবে নিজস্ব অনুসন্ধান করে জেনে নেওয়ার জন্য আগ্রহী দরদাতাদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে।
২২. যথাযথ ইন্টারনেট সংযোগ, পাওয়ার ব্যাক আপ ইত্যাদির মতো ব্যাপারগুলি বিডারদের নিজেদেরই নিশ্চিত করে নিতে হবে। ইন্টারনেট ফেলিওর, পাওয়ার ফেলিওর বা টেকনিক্যাল কোনও কারণ বা ই–নিলামকে প্রভাবিত করতে পারে এমন কোনও কারণ/পরিস্থিতির জন্য এই ব্যাঙ্ক দায়ী থাকবে না।
২৩. প্রতিনিধি নিয়োগ করা এবং নিজেদের তরফে নিলামে অংশ নেওয়ার অধিকার এই ব্যাঙ্কের থাকবে।
২৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহ করে **https://baanknet.com** এবং **www.pnbindia.in** ওয়েবসাইট দেখুন।

**তারিখ: ১৭.০৫.২০২৬**
**স্থান: পশ্চিম মেদিনীপুর**

**স্বাঃ– মিঃ রাজেশ কুমার, অনুমোদিত আধিকারিক**
**পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক**